

বোকেয়া বিশ্ববিদ্যালয়
মামলার পর উপ-
রেজিস্ট্রারকে
চাকরি থেকে
অব্যাহতি

নিজস্ব প্রতিবেদক, রংপুর ●

দুনীতি-দমন কমিশনে (দুদক) মামলা দায়েরের পর রংপুরের বেগম বোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত রেজিস্ট্রার) মো. শাহজাহান আলী মওলকে 'গতকাল মঙ্গলবার' চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

এর আগে ১৫ ডিসেম্বর শাহজাহান আলী নিজেই চাকরি থেকে অব্যাহতি চেয়ে আবেদন করেন। ১২ ডিসেম্বর তার বিরুদ্ধে দুদক আইনে একটি মামলা দায়ের করা হয়।

নতুন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার মইনুল আজাদকে। এদিকে, ১৩ ডিসেম্বর প্রথম আলোয় রংপুরের বেগম বোকেয়া বিশ্ববিদ্যালয় সাবেক উপাচার্য জলিলের বিরুদ্ধে দুদকের মামলা শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। এর পর থেকে শাহজাহান আলী মওল কাছে যোগ দেননি।

শাহজাহান আলী মওলসহ সাবেক উপাচার্য আবদুল জলিল মিয়া'র বিরুদ্ধে অতিরিক্ত জনবল নিয়োগসহ নানা অনিয়ম ও দুনীতি নিয়ে দুদক সম্বন্ধিত রংপুর জেলার উপপরিচালক মো. আবদুল করিম খানী হয়ে কোতোয়ালি থানায় মামলাটি দায়ের করেন। বিশ্ববিদ্যালয় জনসংযোগ দপ্তরের কর্মকর্তা মোহাম্মদ আলী ভারপ্রাপ্ত রেজিস্ট্রার শাহজাহান আলীকে অব্যাহতি দেওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন।